দেশীয় তামাক শিল্প রক্ষার দাবীতে ঝিনাইদহে তামাক চাষীদের মানববন্ধন

তামাকের ন্যায্য মুল্য নিশ্চিত করতে দেশীয় তামাক শিল্প রক্ষার দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

সোমবার (৬ মার্চ) সকালে ঝিনাইদহ শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে দেশীয় তামাক চাষী কল্যাণ সমিতি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ ও তামাকচাষীরা উপস্থিত হয়ে বক্তব্য রাখেন। এসময় বক্তব্য দেন দেশীয় তামাক চাষী কল্যান সমিতির (ঝিনাইদহ-মেহেরপুর জেলার আহ্বায়ক আলমগীর হোসেন রিন্টু, যুগ্ম-আহ্বায়ক দুদু শাহ্, রুহুল আমিন, সদস্য রমজান আলী মিন্টু, চাষী আমিনুল ইসলাম পিলু, রবিউল ইসলাম জনি, জহুরুল ইসলাম, হোসেন আলী, শাকিরুল ইসলাম,উজ্জ্বল মিয়া, ওমর আলী প্রমূখ।

মানববন্ধনে বক্তারা বলেন, দেশীয় মালিকানাধীন তামাক শিল্পের অস্তিত্ব বিলিনের পথে। এই শিল্পকে কে রক্ষার জন্য আইনের দ্রুত বাস্তবায়ন চাই। তারা আরো বলেন, আমাদের মাটি এবং আবহাওয়া তামাক চাষের উপযোগী। সার, তেলসহ বিভিন্ন দ্রব্যের দাম যে ভাবে বেড়েছে তাতে ন্যায্য মূল্যে তামাক বিক্রি করতে না পারায় আজ আমরা ক্ষতিগ্রস্থ হচ্ছি ঠিকমত তামাক চাষ করতে পারছি না। দেশীয় কোম্পানিগুলো ব্যবসা-বাণিজ্য করতে পারলে তামাকের ন্যায্য মূল্য পাওয়ার সম্ভাবনা রয়েছে। সরকার ২০১৮-১৯ অর্থ বছরে শতভাগ দেশীয় কোম্পানিগুলোর জন্য আলাদা নীতিমালা তৈরির উদ্যোগ নিলেও তা আজও বাস্তবায়ন হয়নি। এতে হুমকির মুখে পড়েছে ৩০টি দেশীয় সিগারেট প্রস্তুতকারী কোম্পানি।

প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বক্তারা বলেন, কাজ করে দু- মুঠো ডাল-ভাত খেতে চাই, তাই আমাদের তামাক চাষের সুযোগ দিন। আমরা দেশের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়নে তামাক উৎপাদন করতে চাই।